গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন (কর্মচারী) শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নম্বর- ৩৬.০০.০০০০.০৪৭.১২.০০৯.২১-৩৫২

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ে রাজস্ব খাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিয়োক্ত শর্তে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | বয়স | পদের সংখ্যা | বেতনস্কেল (জা বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ০১ (এক)টি | ১১৩০০-২৭,৩০০/- (গ্রেড-১২) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৩ (তিন) টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী,<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত , এবং<br>(গ) সাঁটলিপি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ, কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ, এবং<br>(ঘ) কম্পিউটারে word processing সহ ইমেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ০১ (এক)টি | ১১০০০-২৬৫৯০/ (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ০৪ | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ০১ (এক)টি | ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ.<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে |
| ০৫ | অফিস সহায়ক | ১৮-৩০ বৎসর | ০৭ (সাত) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২ নিম্নেবর্ণিত পদের পার্শ্বে উল্লিখিত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

| | | |
|---|---|---|
| (ক) | হিসাবরক্ষক | সকল জেলা |
| (খ) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, নাটোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ. |
| (গ) | কম্পিউটার অপারেটর | |
| (ঘ) | ক্যাশ সরকার | সকল জেলা |
| (ঙ) | অফিস সহায়ক | ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, জয়পুরহাট, নাটোর, বগুড়া, রংপুর, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, বরিশাল, বরগুনা, পটুয়াখালী ও সিলেট। |

২ <u>নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে.</u>

ক সকল পদে ৩১ জুলাই, ২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

গ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ প্রার্থীদের নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

ঙ মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত application formসহ সকল সনদের সত্যায়িত ১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধার/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

জ নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

ঝ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি

ক পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <u>http.//moind teletalk com bd</u> এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ

i নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের দিন হতে Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান করা যাবে।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১০/০৮/২০২১ বিকাল ৫ ০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online এ প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান . Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকা এবং ৪-৫ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/ (ছয়) টাকা আবেদনপত্র Submit এর অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS MOIND<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example MOIND ABCDEF
Reply Applicant's Name, Tk 112/56 will be charged as application fee, Your PIN is xxxxxxxx. To pay fee Type MOIND<space>Yes<PIN and send to 16222
দ্বিতীয় SMS MOIND<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example. MOIND YES xxxxxxxxx
Reply Congratulations Applicant's Name, payment completed successfully for MOIND Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ  প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://moind.teletalk.com.bd অথবা শিল্প মন্ত্রণালয়ের Website: www.moind.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ  SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ  শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i  User ID জানা থাকলে MOIND<space>Help<space>User<space>User ID & Send to 16222
Exampale MOIND HELP USER ABCDEF

ii  PIN Number জানা থাকলে MOIND<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example MOIND HELP PIN 12345678.

ঝ  Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৩০/৬/২০২১
(মোহাম্মাদ খালেকুজ্জামান)
উপ-সচিব (প্রশাসন)
শিল্প মন্ত্রণালয়।